

## ■ সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বরঃ ৮০২

৮/ সাওম (রোজা) (رسول اللہ ﷺ) (كتاب الصوم عن رسول الله ﷺ)

পরিচ্ছেদঃ ইতিকাফকারী প্রয়োজনে বের হতে পারে কি না?

بَابُ الْمُعْتَكِفُ يَخْرُجُ لِحَاجَةٍ أَمْ لَا

আরবী

حَدَّثَنَا أَبُو مُصْبَعُ الْمَدْنِيُّ، قِرَاءَةً عَنْ مَالِكٍ بْنِ أَنَّسٍ، عَنْ أَبْنِ شِهَابٍ، عَنْ عُرْوَةَ وَعَمْرَةَ، عَنْ عَائِشَةَ، أَنَّهَا قَالَتْ كَانَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ إِذَا اعْتَكَفَ أَدْنَى إِلَى رَأْسِهِ فَأَرْجِلُهُ وَكَانَ لَا يَدْخُلُ الْبَيْتَ إِلَّا لِحَاجَةِ إِنْسَانٍ . قَالَ أَبُو عِيسَى هَذَا حَدِيثٌ حَسَنٌ صَحِيحٌ . هَكَذَا رَوَاهُ غَيْرُ وَاحِدٍ عَنْ مَالِكٍ عَنْ أَبْنِ شِهَابٍ عَنْ عُرْوَةَ وَعَمْرَةَ عَنْ عَائِشَةَ . وَرَوَاهُ بَعْضُهُمْ عَنْ مَالِكٍ عَنْ أَبْنِ شِهَابٍ عَنْ عُرْوَةَ عَنْ عَمْرَةَ عَنْ عَائِشَةَ . وَالصَّحِيحُ عَنْ عُرْوَةَ وَعَمْرَةَ عَنْ عَائِشَةَ .

বাংলা

৮০২. আবু মুসআব মাদানী (রহঃ) ..... আয়িশা (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যখন ইতিকাফে বসতেন, তিনি তাঁর মাথা আমার দিকে ঝুঁকিয়ে দিতেন আর আমি তা আঁচড়িয়ে দিতাম। তিনি মানবীয় প্রয়োজন ছাড়া ঘরে প্রবেশ করতেন না। - ইবনু মাজাহ ৬৩৩, ১৭৭৮, তিরমিজী হাদিস নম্বরঃ ৮০৪ [আল মাদানী প্রকাশনী]

ইমাম আবু ঈসা (রহঃ) বলেন, এই হাদীসটি হাসান-সহীহ। এই হাদীসটিকে একাধিক রাবী মালিক ইবনু আনাস ইবনু শিহাব উরওয়া-আমরা-আয়িশা (রাঃ) সূত্রে অনুরূপ বর্ণনা করেছেন। তবে উরওয়া ও আমরা-আয়িশা (রাঃ) এর সনদে বর্ণনা করেছেন।

## English

Aishah narrated:

"When the Messenger of Allah performed I'tikaf, he would bring his head near me so I could comb it, and he would not enter the house except for some personal needs."

হাদিসের মান: **সহিহ (Sahih)** পুঁজিগতিক্রিয়া

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন □ বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবু বাকর সিন্দীক (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=17991>

 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন